



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd

Workshop on Preparation for Accreditation: Documentation and Evidence at Southern University Bangladesh (14th May 2024)

অ্যাকাডেমিক প্রোগ্রামের অ্যাক্রেডিটেশনের অভিপ্রায় ব্যক্ত করায় ১৪ই মে ২০২৪ খ্রি তারিখে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের আয়োজনে সাউদার্ন ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয়েছেঃ “Preparation for Accreditation: Documentation and Evidence” বিষয়ক কর্মশালা। কর্মশালায় উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস. এম. কবীর এবং অ্যাক্রেডিটেশন বিভাগের পরিচালক প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদ। কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শরীফ আসরাফুজ্জামান। কোরআন তিলাওয়াতের মাধ্যমে কর্মশালাটির শুভ উদ্বোধন হয়। কর্মশালার স্বাগত বক্তব্য রাখেন IQAC এর পরিচালক প্রফেসর ড. শওকতুল মেহের। কর্মশালার প্রথম পর্ব কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস. এম. কবীর এর সভাপতিত্বে এবং পরিচালক প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদের ধন্যবাদ প্রস্তাবের মাধ্যমে শেষ হয়। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর ড. এস. এম. কবীর। তিনি অ্যাক্রেডিটেশন পদ্ধতি এবং এতদসংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন ডকুমেন্ট এবং প্রমাণক সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। কর্মশালার প্রশ্নোত্তর পর্বে ইউনিভার্সিটির, আইকিউএসির পরিচালক এবং সংশ্লিষ্ট শিক্ষকমন্ডলী অ্যাক্রেডিটেশন আবেদনের প্রস্তুতি সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রশ্ন করেন এবং কর্মশালার মূল প্রবন্ধ উপস্থাপক তাদের সকল প্রশ্নের প্রেক্ষিতে বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করেন।





বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd





বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd

